

## উপজেলা পরিক্রমা

### বাবুগঞ্জ

বরিশাল, ৩০ এপ্রিল (সংবাদদাতা)।— বরিশালের ৮ মাইল উত্তরে ৫৭ বর্গমাইল জায়গা জুড়ে আড়িয়াল খা নদীর তীরে অবস্থিত ঐতিহ্যবাহী উপজেলা বাবুগঞ্জ। ৬টি ইউনিয়নে ৭৮ মৌজার ২২,৩৬২টি পরিবারে ১,২৬,১৮৮ জন লোকের বাস। এর মধ্যে ৬৪,০৩৫ জন পুরুষ ও ৬২,১৫৩ জন মহিলা।

#### কৃষি

এ উপজেলার মোট আবাদযোগ্য জমির পরিমাণ ৩৬,৪৮০ একর। এর মধ্যে আবাদ হয় ৩০ হাজার ৬শ' ৯৬ একর এক ফসলী ১১ হাজার ৬ একর, দুই ফসলী ১০ হাজার ৫শ' ৩৫ একর ও তিন ফসলী জমির পরিমাণ ৯ হাজার ১শ' ৫৫ একর। সেচ সুবিধার আওতায় মাত্র ৬ হাজার ৯শ' ২৬ একর জমি রয়েছে।

#### শিক্ষা

উপজেলার শিক্ষিতের হার শতকরা ৩৮.৪ ভাগ। এখানে রয়েছে ২টি বেসরকারী কলেজ, ৬৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ১৭টি মাধ্যমিক বিদ্যালয়, ৫টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এবং ৫টি মাদ্রাসা। এসব শিক্ষা প্রতিষ্ঠান নানাবিধ সমস্যায় জর্জড়িত।

#### স্বাস্থ্য

এখানে ৩১ শয্যাবিশিষ্ট একটি হাসপাতাল থাকলেও উপজেলার চিকিৎসা ক্ষেত্রে সংকট চলছে। এ হাসপাতালে পর্যাপ্ত ঔষধ নেই, নেই সুস্থ পানি সরবরাহ। হাসপাতালে রোগীদের সরবরাহকৃত খাদ্যের মান অত্যন্ত নীচু। এ উপজেলায় ৫টি দাতব্য চিকিৎসালয়, ৫টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রসহ ২টি পরিবার পরিকল্পনা

ক্লিনিক রয়েছে। এগুলোতে সমস্যার অন্ত নেই।

#### যোগাযোগ

এ উপজেলার কাঁচা রাস্তা ১৫৬ মাইল। পাকা রাস্তা ১৩ মাইল। আখাপাকা রাস্তা ৬ মাইল। জেলা পরিষদের রাস্তা রয়েছে ১৭ মাইল। উপজেলা সদরের সাথে গ্রামগুলোর যোগাযোগ রক্ষাকারী সব ক'টি সড়কই কাঁচা। প্রয়োজনীয় সংস্কার ও সংরক্ষণের অভাবে সড়কগুলো পথচারীদের দুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে। এছাড়া উপজেলার প্রত্যন্ত অঞ্চলের পুল-কালভার্টগুলোর অবস্থা নিতান্ত কল্পন।

#### হাট-বাজার

উপজেলার হাট-বাজারের সংখ্যা ২০টি। এগুলোতে সরকারী পাকা টলঘরের সংখ্যা অত্যন্ত কম। হাটবাজারগুলো থেকে প্রতি বছর বিপুল পরিমাণ রাজস্ব আয় করা হলেও এগুলোর উন্নয়নকল্পে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হচ্ছে না।

#### বিদ্যুৎ

এ উপজেলায় বিদ্যুৎ বিদ্যুৎ নিতানৈমিত্তিক। ফলে, বিদ্যুৎ গ্রাহকদের দুর্ভোগ ছাড়াও কলকারখানাগুলোতে উৎপাদন ব্যাহত হচ্ছে। এছাড়া বৈদ্যুতিক খুঁটিগুলোতে বাধ না থাকায় পথচারীদের দারুণ দুর্ভোগ পোহাতে হয়।

#### অন্যান্য

উপজেলার ডাকঘরের সংখ্যা ১৬টি। টেলিগ্রাফ অফিস ২টি, ডাক বাংলা ২টি, বাণিজ্যিক ব্যাংকের শাখা ৭টি। নলকূপের সংখ্যা ১১ হাজার। এছাড়া মসজিদ রয়েছে ৩১৪টি। মন্দির রয়েছে ১৪টি এবং চার্চ ১টি।